"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

**মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি**

পারনান্দুয়ালী, মাগুরা।

টেলিফোনঃ ০৪৮৮-৬২৭৪৪
মোবাইলঃ ০১৭৬৯-৪০০০৪৬
ফ্যাক্স নংঃ ০৪৮৮-৬২০৫৮
ই-মেইলঃ magurapbs_gm@yahoo.com
Websitet www.magurapbs.org.bd

স্মারক নং-২৭.১২.৫৫৫৭.৫৫১.০৫.০০৬.২১.৪১৯১

তারিখঃ ০৫ অগ্রহায়ণ'১৪২৮ বাং
২০ নভেম্বর'২০২১খ্রিঃ

বিষয় ঃ খসড়া ভোটার তালিকা প্রকাশ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৯/০১/২০২২ খ্রিঃ তারিখ মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির ২২-তম বার্ষিক সদস্য সভা অনুষ্ঠিত হবে। বার্ষিক সদস্য সভার ১৪ দিন পূর্বে এলাকা পরিচালক নির্বাচন অনুষ্ঠিত হওয়ার বিধান থাকায় নির্বাচন জ্ঞাতব্য বিজ্ঞপ্তি জাতীয় ও স্থানীয় পত্রিকায় প্রকাশ সহ গ্রাহক প্রান্তে পৌছানো হয়েছে। এলাকা পরিচালক নির্বাচন সংক্রান্ত "জ্ঞাতব্য বিজ্ঞপ্তি" এর ১২নং অনুচ্ছেদ (ক) অনুযায়ী বার্ষিক সদস্য সভার ৯০ (নব্বই) দিন পূর্বে বিদ্যুৎ বিল পরিশোধকারী/সংযোগ গ্রহণকারী গ্রাহকগণের এলাকা নং- ০১, ০৩,ও ০৪ এর খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হলো।

ভোটার তালিকার ব্যাপারে কারো কোন আপত্তি থাকলে বা বৈধ গ্রাহক ভোটার তালিকা হতে বাদ পড়লে অথবা অন্য কোন সংশোধনীর দরকার থাকলে তা প্রয়োজনীয় তথ্য ও প্রমাণাদিসহ ২৩/১১/২০২১ খ্রিঃ রোজ মঙ্গলবার বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত সমিতির প্রধান কার্যালয়ে সমিতির জেনারেল ম্যানেজার এর নিকট আবেদন করতে হবে। ২৭/১১/২০২১খ্রিঃ রোজ শনিবার চুড়ান্ত ভোটার তালিকা বর্ণিত নোটিশ বোর্ড সমূহে বিকাল ৪:০০ ঘটিকার সময় প্রকাশ করা হবে।

(মোঃ নূরুল ইসলাম)
সদস্য নির্বাচন কমিশন, মাগুরা পবিস
এবং
এজিএম (সদস্য সেবা), মাগুরা পবিস।

অনুলিপিঃ
০১। জেনারেল ম্যানেজার, মাগুরা পবিস (সদয় অবগতির জন্য)।
০২। জনাব মোঃসিরাজুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (এসওডি), , বাপবিবো, ঝিনাইদহ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/শালিখা/শ্রীপুর , মাগুরা । → (নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ সহ প্রেরন করা হল)।
০৪। ডিজিএম, আড়পাড়া জোঃঅঃ/ ডিজিএম(অঃদাঃ) শ্রীপুর জোঃঅঃ, মাগুরা পবিস।
০৫। ইনচার্জ .................................... অভিযোগ কেন্দ্র, মাগুরা পবিস।
০৬। নোটিশ বোর্ড, মাগুরা পবিস।
০৭। অফিস কপি/মাষ্টার কপি।

(মোঃ নূরুল ইসলাম)
সদস্য নির্বাচন কমিশন, মাগুরা পবিস
এবং
এজিএম (সদস্য সেবা), মাগুরা পবিস।

# নির্বাচন কমিশন

## মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি

### পারনান্দুয়ালী, মাগুরা।

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর এলাকা নং-০১, ০৩ ও ০৪ এর এলাকা পরিচালক নির্বাচন সম্পর্কে গ্রাহক-সদস্যদের জন্য

**জ্ঞাতব্য বিজ্ঞপ্তি**

০১। এলাকা পরিচালক পদে নির্বাচন সূচী ঃ

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর বাই'ল অনুযায়ী ০১,০৩ ও ০৪ নম্বর এলাকার এলাকা পরিচালক পদে নির্বাচনের ভোট গ্রহণ নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হইবে ঃ

| এলাকা নং | আওতাভুক্ত ইউনিয়ন | উপজেলা | পরিচালকের মেয়াদকাল | ভোট কেন্দ্র | ভোট গ্রহণের তারিখ ও বার | ভোট গ্রহণের সময় |
|---|---|---|---|---|---|---|
| ০১ | আঠারখাদা, শ্রীকোল, শ্রীপুর, গয়েশপুর, আমলসার ও ধলহরাচন্দ্র (আংশিক) | মাগুরা শ্রীপুর শৈলকূপা, ঝিনাইদহ | ০৩ (তিন) বৎসর বা শপথ গ্রহণের দিন হইতে পরবর্তী ৩য় বার্ষিক সদস্য সভা পর্যন্ত যা আগে ঘটবে। | শ্রীপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, শ্রীপুর, মাগুরা। | ১১/০১/২০২২ খ্রিঃ মঙ্গলবার | সকাল ১০:০০টা হইতে বিকাল ৪:০০টা পর্যন্ত |
| ০৩ | হাজীপুর, হাজরাপুর, রাঘবদাইড়, মঘী ও জগদল | মাগুরা সদর | ০২ (দুই) বৎসর বা শপথ গ্রহণের দিন হইতে পরবর্তী ২য় বার্ষিক সদস্য সভা পর্যন্ত যা আগে ঘটবে। | মাগুরা আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়, মাগুরা। | ১২/০১/২০২২ খ্রিঃ বুধবার | |
| ০৪ | বগিয়া, চাউলিয়া, শত্রুজিৎপুর, গোপালগ্রাম ও কুচিয়ামোড়া | মাগুরা সদর | ০৩ (তিন) বৎসর বা শপথ গ্রহণের দিন হইতে পরবর্তী ৩য় বার্ষিক সদস্য সভা পর্যন্ত যা আগে ঘটবে। | শত্রুজিৎপুর কালী প্রসন্ন মাধ্যমিক বিদ্যালয় মাগুরা। | ১৩/০১/২০২২ খ্রিঃ বৃহস্পতিবার | |

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বাই'ল ১৯৭৮ এবং সমিতির বাই'ল আর্টিকেল ০৮ এর ০২ ও ০৩ ধারা অনুযায়ী সমিতির উপরোল্লিখিত এলাকার বৈধ গ্রাহক-সদস্যগণের প্রত্যক্ষ ভোটে তাঁহাদের মধ্য হইতে এলাকাভিত্তিক পৃথক-পৃথক নির্বাচনের মাধ্যমে এলাকা পরিচালক নির্বাচিত হইবেন।

০২। কে পরিচালক পদে প্রার্থী হইতে পারিবেন ঃ

(ক) যে এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হইবে, সেই এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী;

(খ) যে গ্রাহক-সদস্যের নাম নির্বাচন উপলক্ষ্যে প্রকাশিত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হইয়াছে;

(গ) যিনি সমিতির সংশ্লিষ্ট এলাকার গ্রাহক-সদস্য হিসাবে সমিতি হইতে সদস্য সার্টিফিকেট প্রাপ্ত হইয়াছেন, নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করিয়াছেন, পিডিবি এর নিকট হইতে অধিগ্রহণকৃত গ্রাহক-সদস্যগণ তাঁহাদের সকল প্রকার বকেয়া বিদ্যুৎ বিল (পবিস/পিডিবি) পরিশোধ করিয়াছেন (এমনকি অনুমোদিত কিস্তি থাকিলেও সকল অনুমোদিত কিস্তি একবারে পরিশোধ করিয়াছেন এবং যাহারা বার্ষিক সদস্য সভার ৯০ দিন পূর্বে অর্থাৎ ৩১/১০/২০২১ ইং অথবা তৎপূর্বে সমুদয় বিদ্যুৎ বিল পরিশোধ করিয়াছেন) এবং যাহার বিধি সম্মত কারণে সদস্য পদ বাতিল করা হয় নাই। উল্লেখ্য যে, একক মালিকানাধীন প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি পরিচালক পদপ্রার্থী হইতে পারিবেন না;

(ঘ) যাহার শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস এস সি বা সমমানের। সমমান সম্পর্কে কোন প্রশ্ন দেখা দিলে বিষয়টির উপর নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে;

(ঙ) মনোনয়নের জন্য আবেদন পত্র জমা প্রদানের তারিখে যাহার বয়স ২৫ (পঁচিশ) হইতে ৬৫ (পঁয়ষট্টি) বৎসরের মধ্যে। বয়সের প্রমাণ পত্র হিসাবে মনোনয়ন আবেদন পত্রের সহিত এস এস সি অথবা সমমানের পরীক্ষা পাশের মূল সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি জমা প্রদান করিতে হইবে। প্রশংসাপত্র অথবা অন্য কোন প্রমাণপত্র গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইবে না। বয়সের ব্যাপারে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

(চ) বার্ষিক সাধারণ সভার ৯০ (নব্বই) দিন পূর্ব পর্যন্ত সংযোগ গ্রহণকারী গ্রাহক-সদস্যগণ।

০৩। যে এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হইবে সেই এলাকায় বর্তমান পরিচালক পুনরায় প্রার্থী হইতে পারিবেন কি?

সমিতির বাই'ল মোতাবেক পরিচালক প্রার্থীর সকল যোগ্যতা থাকিলে পরিচালকের মেয়াদকাল শেষ হইতেছে এমন পরিচালক পুনরায় পরিচালক পদে নির্বাচনের প্রার্থী হইতে পারিবেন।

### ০৪। যে সকল কারণে পরিচালক পদপ্রার্থী অযোগ্য হিসাবে বিবেচিত হইবেন ঃ

(ক) যিনি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/সমিতি বোর্ড কর্তৃক সমিতির পরিচালক পদ হইতে অপসারিত (Removed) বা অব্যাহতি প্রাপ্ত (Relieved) হইয়াছেন;

(খ) যিনি নৈতিক অবক্ষয়জনিত কারণে আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হইয়াছেন;

(গ) যিনি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, পল্লী বিদ্যুৎ সমিতি বা কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত বা অব্যাহতি প্রাপ্ত হইয়াছেন;

(ঘ) যিনি একই নামে একাধিক সংযোগ গ্রহণ করিয়া সকল সংযোগের বিপরীতে এমনকি পিডিবি (অধিগ্রহণকৃত গ্রাহক সদস্যদের ক্ষেত্রে) পরিশোধযোগ্য সকল বিল পরিশোধ করেন নাই;

(ঙ) যিনি কোন রাজনৈতিক দল/সংস্থায় কোন পদে (Office Bearer) নিয়োজিত আছেন;

(চ) যিনি কোন স্থানীয় সরকারী সংস্থায় বেতন/ভাতাদি প্রাপ্ত পদে নিয়োজিত আছেন;

(ছ) যিনি কোন সরকারী বা আধা-সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠানে চাকুরীরত আছেন;

(জ) যিনি মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সাথে বিদ্যুৎ বা বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবসায় নিয়োজিত বা যে কোন প্রকারে আর্থিকভাবে সম্পৃক্ত কিংবা সমিতির সহিত গ্রাহকদের বৈদ্যুতিক বা প্লাম্বিং যন্ত্রপাতির ব্যবসায় নিয়োজিত আছেন বা পবিসের লাইসেন্স/ওয়ার্ক পারমিট এর আওতায় সমিতির গ্রাহক/গ্রাহক-সদস্যদের হাউজ ওয়্যারিং কাজে নিয়োজিত ছিলেন/আছেন।

(ঝ) যিনি পবিস বাই'ল এর আর্টিকেল-৫ এর সেকশন ৭ এর উপধারা এ (i) হইতে (iii) এবং (v) অনুযায়ী (উদ্দেশ্য প্রণোদিত/অসৎ উদ্দেশ্যে পবিস এর সম্পত্তি বা সাজ-সরঞ্জাম ক্ষতিগ্রস্ত করিবার, বিদ্যুৎ শক্তি ভিন্নদিকে চালিত/চুরি করিবার, বৈদ্যুতিক মিটার/সাজ-সরঞ্জাম টেম্পারিং করিবার, দাপ্তরিক কাজে পবিস এর কর্মকর্তা/কর্মচারী বা তাহার উপর নির্ভরশীল বা সম্পৃক্ত কোন ব্যক্তিকে ভয় প্রদর্শন করিবার, শারীরিকভাবে লাঞ্ছিত করিবার কারণে) সদস্যপদ বাতিল যোগ্য ধারার আওতাভুক্ত কিন্তু পরবর্তীতে উক্ত কারণ নিরসন পূর্বক সমিতি বোর্ড কর্তৃক সদস্যপদ পুনঃবহাল না করা হইলে।

(ঞ) যিনি ইতিপূর্বে ৩ (তিন) বা ততোধিক বার এলাকা পরিচালক মনোনীত কিংবা নির্বাচিত হয়েছেন।

### ০৫। নির্বাচনের জন্য মনোনয়ন পত্রের ফরম সংগ্রহ ও বিতরণ পদ্ধতি ঃ

এলাকা পরিচালক পদের নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থী "মনোনয়ন ফর্ম" এর মূল্য বাবদ মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরস্থ ক্যাশ কাউন্টারে ৫০০.০০ (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা প্রদান পূর্বক প্রাপ্ত মূল রশিদ এবং প্রার্থীর এস,এস,সি অথবা সমমানের পরীক্ষা পাশের মূল সনদপত্র প্রদর্শন স্বাপেক্ষে মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে অবস্থানরত নির্বাচন কমিশন সদস্যের নিকট হইতে ৩০/১১/২০২১ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার হইতে ০১/১২/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার পর্যন্ত প্রতিদিন সকাল ০৯:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত মনোনয়নপত্রের ফরম ০১ (এক) সেটসহ নিজ এলাকার ভোটার তালিকা (যে তালিকায় ৯০ দিন পূর্বে গ্রাহকগণ বিল পরিশোধ করিয়া অথবা সংযোগ গ্রহণ করিয়া ভোটার হইয়াছেন) ও নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিজ্ঞপ্তি সংগ্রহ করিতে পারিবেন।

### ০৬। মনোনয়নপত্র দাখিলের তারিখ ও সময় ঃ

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে নির্বাচন কমিশন প্রধান অথবা তাঁহার মনোনীত প্রতিনিধির নিকট ০৪/১২/২০২১ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ০৯:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত মনোনয়নপত্র দাখিল করা যাইবে।

### ০৭। কিভাবে পরিচালক পদ প্রার্থীগণ মনোনয়ন দাখিল করিবেন ঃ

পরিচালক পদে নির্বাচনের প্রার্থী হিসাবে অংশগ্রহণের জন্য যে সকল এলাকার পরিচালক পদে নির্বাচন অনুষ্ঠিত হইবে সেই সকল এলাকার স্থায়ীভাবে বসবাসকারী (স্থায়ীভাবে বসবাসের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র দ্বারা সমর্থিত) বৈধ গ্রাহক-সদস্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বাই'ল (সর্বশেষ সংশোধিত) এর ০৮ নং অনুচ্ছেদ এবং সমিতির বাই'ল এর আর্টিক্যাল-০৮ অনুযায়ী সমিতির নির্ধারিত মনোনয়নের আবেদনপত্র পূরণ এবং **উহার প্রতি পাতায় দস্তখত করতঃ ০১ (এক) জন বৈধ গ্রাহক-সদস্য (ভোটার তালিকাভুক্ত) কর্তৃক প্রস্তাব এবং অপর ০২ (দুই) জন বৈধ গ্রাহক সদস্য (ভোটার তালিকাভুক্ত) কর্তৃক সমর্থন সূচক স্বাক্ষর গ্রহণপূর্বক নির্বাচন কমিশন প্রধান** অথবা তাঁহার মনোনীত প্রতিনিধির নিকট মনোনয়ন পত্র দাখিলের জন্য ঘোষিত তারিখ ও সময়ের মধ্যে মনোনয়ন পত্র দাখিল করিতে পারিবেন। উল্লেখ্য, মনোনয়নপত্র দাখিল করিবার সময় প্রার্থী, প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে ব্যক্তিগতভাবে উপস্থিত থাকিতে হইবে এবং প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে যে, তাঁহারা অন্য কোন এলাকা পরিচালক পদপ্রার্থীর জন্য প্রস্তাব এবং সমর্থন করেন নাই। আরো উল্লেখ্য যে, প্রার্থী, প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে মনোনয়ন আবেদনপত্রের সহিত এই মর্মে অঙ্গীকার নামা প্রদান করিতে হইবে যে, তাহার/তাহাদের নিজ নামে একাধিক সংযোগ থাকিলে সকল সংযোগের বিপরীতে সকল বিদ্যুৎ বিল পরিশোধ করা হইয়াছে। **ভোটার তালিকায় নাম থাকলেও কোন পরিচালক পদপ্রার্থী তার নিজের এবং তার প্রস্তাবক ও সমর্থকদের নামে গৃহিত বা বিদ্যমান সকল সংযোগের বিপরীতে বার্ষিক সাধারণ সভার পূর্ববর্তী ৯০ (নব্বই) দিন পূর্বের সকল বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়ন না থাকিলে বা মনোনয়ন আবেদনপত্র বাছাইকালে এরূপ বিল পরিশোধ করার তথ্য/প্রমাণ না থাকিলে প্রার্থীর মনোনয়ন আবেদনপত্র বাতিল বলিয়া** গণ্য হইবে।

**৮। মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ ঃ**

১২/১২/২০২১ ইং তারিখ রোজ রবিবার বিকাল ০৪:০০ ঘটিকায় বৈধ প্রার্থীদের প্রাথমিক তালিকা সমিতির সদর দপ্তরে প্রকাশ করা হইবে।

**০৯। মনোনয়পত্র প্রত্যাহারের শেষ তারিখ ও সময় ঃ**

১৫/১২/২০২১ ইং তারিখ রোজ বুধবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে মনোনয়নপত্র প্রত্যাহার করা যাইবে।

**১০। মনোনয়ন এর আবেদনপত্র চূড়ান্তকরণ, চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ ও প্রতীক বন্টন ঃ**

১৫/১২/২০২১ ইং তারিখ রোজ বুধবার বিকাল ০৩:০০ ঘটিকায় সমিতি সদর দপ্তরে নোটিশ বোর্ডে প্রতীকসহ চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ করা হইবে।

**১১। যে সকল গ্রাহক-সদস্য ভোট দিতে পারিবেন ঃ**

**(ক) যে সকল গ্রাহক-সদস্যের নাম চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হইয়াছে তাহারা নিম্নোক্ত বিষয়াবলী প্রতিপালন পূর্বক ভোট দিতে পারিবেন ঃ**

(খ) সমিতির বাই'ল আর্টিক্যাল ৫ এ বর্ণিত বৈধ গ্রাহক-সদস্য যিনি সমিতির সভাপতি ও সচিব কর্তৃক স্বাক্ষরিত সমিতির বাই'ল সিডিউল-১ ফরম 'খ' এর সদস্য সার্টিফিকেট প্রাপ্ত হইয়াছেন, তিনি নিজ এলাকায় পরিচালক নির্বাচনে ভোট দিতে পারিবেন। তবে বিধি সম্মত কারণে কোন গ্রাহক-সদস্য এর সদস্য পদ বাতিল হইলে তাঁহার সার্টিফিকেট থাকিলেও তিনি ভোট দিতে পারিবেন না।

(গ) বার্ষিক সদস্য সভার ৯০ (নব্বই) দিন পূর্বে অর্থাৎ ৩১/১০/২০২১ ইং তারিখ পর্যন্ত যে সকল গ্রাহক-সদস্য তৎসময়ে পরিশোধযোগ্য সকল বিদ্যুৎ বিল (যে সকল বিল জরিমানাসহ পরিশোধের সময়-সীমা উত্তীর্ণ হইয়াছে) পরিশোধ করিবেন (৯০ দিন হিসেবে বিল পরিশোধের সর্বশেষ তারিখ, সাপ্তাহিক ছুটি বা অন্য কোন সরকারী ছুটির কারণে উক্ত বিল পরবর্তী কার্যদিবসে পরিশোধকারীগণেরও নাম ভোটার তালিকায় অন্তর্ভূক্ত করা হইবে)। উল্লেখিত ৯০ (নব্বই) দিন পূর্বে যাহারা খেলাপী গ্রাহক চিহ্নিত হইবেন তাহারা বার্ষিক সদস্য সভার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে অর্থাৎ ১৫/১২/২০২১ ইং তারিখের মধ্যে সমুদয় বকেয়া বিদ্যুৎ বিল (যে সকল বিদ্যুৎ বিল জরিমানাসহ পরিশোধের সময়-সীমা উত্তীর্ণ হইয়াছে) পরিশোধ করিলে তাঁহারাও ভোট দিতে পারিবেন। কিন্তু নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন না।

(ঘ) বার্ষিক সদস্য সভার ৯০ (নব্বই) দিন পূর্ব পর্যন্ত সংযোগ গ্রহণকারী গ্রাহক-সদস্যগণও ভোট দিতে পারিবেন।

**১২। ভোটার তালিকা প্রকাশ ও সংশোধন ঃ**

**(ক) বার্ষিক সদস্য সভার ৯০(নব্বই) দিন পূর্বে বিদ্যুৎ বিল পরিশোধকারী/সংযোগ গ্রহণকারী গ্রাহকগণের ভোটার তালিকা ঃ**

২০/১১/২০২১ ইং তারিখ রোজ শনিবার বিকাল ০৪:০০ ঘটিকায় সমিতির সদর দপ্তরসহ যে সমস্ত এলাকায় নির্বাচন হইবে সেই সব এলাকার সংশ্লিষ্ট জোনাল অফিস, এরিয়া অফিস ও অভিযোগ কেন্দ্র ছাড়াও গুরুত্বপূর্ণ সরকারী অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে ০১,০৩ ও ০৪ নং এলাকা সমূহের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হইবে। **ভোটার তালিকার ব্যাপারে কাহারও কোন আপত্তি থাকিলে বা বৈধ গ্রাহক ভোটার তালিকা হইতে বাদ পড়িলে অথবা অন্য কোন সংশোধনীর দরকার থাকিলে তাহা প্রয়োজনীয় তথ্য ও প্রমাণাদিসহ ২৩/১১/২০২১ ইং রোজ মঙ্গলবার বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত সমিতির প্রধান কার্যালয়ে সমিতির জেনারেল ম্যানেজারের নিকট লিখিত আবেদন করিতে হইবে।** ২৭/১১/২০২১ খ্রিঃ রোজ শনিবার চূড়ান্ত ভোটার তালিকা বর্ণিত নোটিশ বোর্ড সমূহে বিকাল ৪.০০ ঘটিকার সময় প্রকাশ করা হইবে।

**(খ) বার্ষিক সদস্য সভার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে পরিশোধকৃত খেলাপী গ্রাহকগণের ভোটার তালিকা ঃ**

২৬/১২/২০২১ ইং তারিখ রোজ রবিবার বিকাল ০৪:০০ ঘটিকায় সমিতির সদর দপ্তরসহ যে সমস্ত এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হইবে সেই সব এলাকার সংশ্লিষ্ট জোনাল অফিস, এরিয়া অফিস ও অভিযোগ কেন্দ্র ছাড়াও গুরুত্বপূর্ণ সরকারী অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে ০১,০৩ ও ০৪ নম্বর এলাকা সমূহের বৈধ গ্রাহক-সদস্য যাঁহারা ৯০ (নব্বই) দিন পূর্বে বিদ্যুৎ বিল পরিশোধে ব্যর্থ হইয়াছেন কিন্তু বার্ষিক সদস্য সভার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে অর্থাৎ ১৫/১২/২০২১ ইং তারিখের মধ্যে বিদ্যুৎ বিল পরিশোধ করিয়াছেন তাঁহাদের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হইবে। **উক্ত ভোটার তালিকার ব্যাপারে কাহারও কোন আপত্তি থাকিলে বা বৈধ গ্রাহক ভোটার তালিকা হইতে বাদ পড়িলে অথবা অন্য কোন সংশোধনীর দরকার থাকিলে তাহা প্রয়োজনীয় তথ্য ও প্রমাণাদি সহ ২৮/১২/২০২১ ইং তারিখ রোজ মঙ্গলবার সকাল ০৯:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত সমিতির জেনারেল ম্যানেজার এর নিকট লিখিত আবেদন করিতে হইবে।** ০১/০১/২০২২ ইং তারিখ রোজ শনিবার বিকাল ০৪:০০ ঘটিকায় চূড়ান্ত ভোটার তালিকা বর্ণিত নোটিশ বোর্ড সমূহে প্রকাশ করা হইবে এবং চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণের নিকট বিতরণ করা হইবে।

**১৩। গ্রাহক-সদস্যগণ কিভাবে ভোট প্রদান করিবেন ঃ**

যে গ্রাহক-সদস্যের নাম চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হইয়াছে তিনি স্বয়ং নির্বাচন কেন্দ্রে উপস্থিত হইয়া অবশ্যই মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক প্রদত্ত সদস্য সার্টিফিকেট অথবা সেপ্টেম্বর '২০২১খ্রিঃ মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের মূল কপি ও জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করিয়া নিজ এলাকার কাউন্টার হইতে ব্যালট পত্র সংগ্রহ করতঃ নিজ পছন্দমত প্রার্থীর নামের প্রতীকের পার্শ্বে নির্ধারিত সীল প্রদান পূর্বক ব্যালটটি ভাজ

করতঃ ব্যালট বাক্সে ফেলিয়া ভোটদান সম্পন্ন করিবেন। ভোটার তালিকায় নাম থাকিলেও মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক প্রদত্ত সদস্য সার্টিফিকেট অথবা সেপ্টেম্বর '২০২১ ইং মাসের পরিশোধত বিদ্যুৎ বিলের মূল কপি ও জাতীয় পরিচয়পত্র সংগে না আনিলে ভোট প্রদান করিতে পারিবেন না।

**১৪। সদস্য সার্টিফিকেট হারাইয়া গেলে বা নষ্ট হইয়া গেলে নূতন সার্টিফিকেট ইস্যু করণ ঃ**

কোন গ্রাহক-সদস্যের নামে পূর্বে ইস্যুকৃত সদস্য সার্টিফিকেট হারাইয়া গেলে বা নষ্ট হইয়া গেলে আগামী ২০/১২/২০২১ ইং তারিখ রোজ সোমবার বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফি, ২ (দুই) কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ পবিস এর সদর দপ্তরে জেনারেল ম্যানেজার বরাবর আবেদনপূর্বক নতুন সদস্য সার্টিফিকেট গ্রহণ করিতে পারিবেন।

**১৫। একজন গ্রাহক-সদস্য কয়টি ভোট দিতে পারিবেন ঃ**

একজন গ্রাহক-সদস্য এক নামে একাধিক সংযোগ গ্রহণ করিলেও তিনি কোন এক নির্ধারিত সংযোগের বিপরীতে একটি মাত্র ভোট দিতে পারিবেন।

**১৬। অন্যান্য সংস্থার প্রতিনিধি কিভাবে ভোট দিবেন ঃ**

পরিচালনা কমিটি দ্বারা পরিচালিত সংস্থা যেমন শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির, আশ্রম বা অন্য কোন প্রতিষ্ঠান এর ব্যবস্থাপনা কর্তৃক মনোনীত প্রতিনিধি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষ হইতে লিখিত মনোনয়ন পত্র এবং মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত সদস্য সার্টিফিকেট অথবা সেপ্টেম্বর '২০২১ ইং মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের মূল কপি ও জাতীয় পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে ভোট দিতে পারিবেন।

**১৭। নির্বাচন অনুষ্ঠান তত্ত্বাবধান, ব্যালট গণনা ও ফলাফল ঘোষণা ঃ**

পবিস বাই'ল আর্টিকেল ৮ এর ২ নং ধারা অনুযায়ী বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গঠিত নির্বাচন কমিশন নির্বাচন অনুষ্ঠানের তত্ত্বাবধান, ব্যালট গণনা ও পরিচালনা এবং বার্ষিক সদস্য সভার দিনে গ্রাহক-সদস্যদের উপস্থিতিতে নির্বাচনের ফলাফল ঘোষণা করিবেন। নির্বাচন সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গঠিত নির্বাচন কমিশনের রায় চূড়ান্ত হিসাবে গণ্য হইবে। তবে নির্বাচন সম্পর্কে কোন আপত্তি থাকিলে নির্বাচন সম্পন্ন হইবার ০৩ (তিন) দিনের মধ্যে সমিতির সদর দপ্তর (পারনান্দুয়ালী, মাগুরা) এ উপস্থিত নির্বাচন কমিশনের সদস্যের নিকট প্রার্থী কর্তৃক নির্বাচন কমিশন বরাবরে লিখিত আপত্তি পেশ করিতে হইবে।

**১৮। নির্বাচিত পরিচালক কতদিন উক্ত পদে বহাল থাকিবেন ঃ**

নির্বাচিত এলাকা পরিচালক, নির্বাচিত ঘোষিত হইবার দিন হইতে কোন কারণবশতঃ পদচ্যুত না হইলে বা স্বেচ্ছায় পদত্যাগ না করিলে অত্র জ্ঞাতব্য বিজ্ঞপ্তির ১ নং অনুচ্ছেদের প্রদত্ত ছকের ৪নং কলামে (পরিচালকের মেয়াদকাল) বর্ণিত মেয়াদ পর্যন্ত উক্ত পদে বহাল থাকিবেন।

**১৯। বার্ষিক সদস্য সভা অনুষ্ঠানের তারিখ ঃ**

সমিতি বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক ২৯/০১/২০২২ ইং তারিখ রোজ শনিবার সকাল ০৯:০০ ঘটিকায় সমিতির সদর দপ্তরে বার্ষিক সদস্য সভা অনুষ্ঠিত হইবে (অনিবার্য কারণে বার্ষিক সদস্য সভার তারিখ পরিবর্তনযোগ্য)।

**২০। পিডিবি এর নিকট হইতে অধিগ্রহণকৃত গ্রাহকগণের ক্ষেত্রে ঃ**

যাহারা ইতিপূর্বে পিডিবি এর গ্রাহক ছিলেন কিন্তু মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদস্যপদ গ্রহণ করেন নাই এবং যাহাদের নিকট এখনও বকেয়া পাওনা আছে তাঁহারা আগামী ৩১/১০/২০২১ ইং তারিখের মধ্যে পিডিবি/পবিস এর সকল বকেয়া পাওনা (যদি থাকে) পরিশোধ পূর্বক এমনকি অনুমোদিত কিস্তি থাকিলেও সকল অবশিষ্ট কিস্তি একসাথে পরিশোধ করিয়া সদস্যপদের জন্য নির্ধারিত ফি, দুই কপি সত্যায়িত ছবি ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সহ সমিতির সদর দপ্তর বা সংশ্লিষ্ট জোনাল অফিসে আবেদন করিলে এবং যথাসময়ে সদস্য সনদপত্র লাভ করিলে বিজ্ঞপ্তিতে বর্ণিত অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে এলাকা পরিচালক নির্বাচনে অংশগ্রহণ এবং ভোট প্রদান করিতে পারিবেন।

**(মোঃ সিরাজুল ইসলাম)**
রিটার্নিং অফিসার ও নির্বাচনকমিশন প্রধান
মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
এবং
নির্বাহী প্রকৌশলীর (এস ও ডি)
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপোবিবো, ঝিনাইদহ।

# মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি

পারনান্দুয়ালী, মাগুরা।

## ২২তম বার্ষিক সদস্য সভা-২০২১

### সদস্য সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর সম্মানিত গ্রাহক-সদস্যগণের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, আগামী ২৯/০১/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ০৯-০০ ঘটিকায় সমিতির প্রধান কার্যালয় প্রাঙ্গণে অত্র সমিতির ২২তম বার্ষিক সদস্য সভা অনুষ্ঠিত হইবে।

### সভার অনুষ্ঠান সূচী ঃ

| সময় | বিষয় |
|---|---|
| ০৯:০০-১১:০০ | গ্রাহক-সদস্যগণের রেজিষ্ট্রেশন, পারস্পরিক যোগাযোগ ও প্রদর্শনী পরিদর্শন। |
| ১১:০১ মিঃ | সভাপতি/পরিচালকমন্ডলী ও মহিলা পরিচালকবৃন্দের সভামঞ্চে আসন গ্রহণ ও সভাপতি কর্তৃক সভা উদ্বোধন। |
| ১১:০৫ মিঃ | পবিত্র কোরআন তেলাওয়াত। |
| ১১:১০ মিঃ | বার্ষিক সদস্য সভার সদস্য বিজ্ঞপ্তি পাঠ। |
| ১১:২০ মিঃ | কোরাম নির্ধারণকল্পে সদস্যগণের উপস্থিতিজনিত হিসাব প্রদান। |
| ১১:৩০ মিঃ | বার্ষিক প্রতিবেদন পাঠ ঃ |
| | ক) চেয়ারম্যান মহোদয়ের বাণী।<br>খ) সভাপতির প্রতিবেদন।<br>গ) কোষাধ্যক্ষের প্রতিবেদন।<br>ঘ) জেনারেল ম্যানেজারের প্রতিবেদন। |
| ১২:০৫ মিঃ | প্রশ্নোত্তর পর্ব। |
| ১২:২৫ মিঃ | লটারী ড্র। |
| ১৩:১৫ মিঃ | পুরস্কার বিতরণ। |
| ১৩:৪৫ মিঃ | নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনী ফলাফল ঘোষণা। |
| ১৩:৫০ মিঃ | সভা মুলতবীকরণ। |

**বার্ষিক সদস্য সভায় অংশগ্রহণকারী গ্রাহক সদস্যগণের জ্ঞাতব্য বিষয় ঃ**

২০/০৯/২০২১ ইং তারিখের সমিতির নিয়মিত বোর্ডসভার সিদ্ধান্ত অনুযায়ী ৩১/১০/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত সংযোগ প্রাপ্ত গ্রাহক সদস্যগণ আগামী ২৯/০১/২০২২ তারিখের বার্ষিক সদস্য সভায় অংশগ্রহণ করিতে পারিবেন।

**বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি প্রেরণ ঃ**

এই বিজ্ঞপ্তি ডাকযোগে/বাহক মারফত বা অন্য কোন সকল সদস্যকে সমিতিতে তাহাদের রেকর্ডকৃত ঠিকানায় প্রেরিত হইলেই বিজ্ঞপ্তি যথাসময়ে গ্রাহক সদস্যগণ কর্তৃক প্রাপ্ত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে।

**গ্রাহক সদস্যগণের রেজিষ্ট্রেশন ঃ**

বার্ষিক সদস্য সভায় গ্রাহক-সদস্যগণের রেজিষ্ট্রেশন অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গ্রাহক সদস্যগণকে সদস্য সার্টিফিকেট ও সর্বশেষ বিদ্যুৎ বিলের কপি সঙ্গে আনিবার জন্য অনুরোধ করা হইল।

**প্রশ্নপত্র প্রদান ঃ**

সম্মানিত গ্রাহক-সদস্যদের সমিতির কার্যক্রম সংশ্লিষ্ট কোন প্রশ্ন/সুপারিশ থাকিলে তাহা আগামী ১৮/০১/২০২২ তারিখ রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময়ে বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে সমিতির সদর দপ্তরে পৌছানোর জন্য অনুরোধ করা হইল। বার্ষিক সদস্য সভার দিন কোন প্রশ্ন গ্রহণ করা হইবে না। সমিতির কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া এবং সদস্যদের সমষ্টিগত স্বার্থে সমিতির কার্যধারা সুষ্ঠুভাবে পরিচালনায় প্রয়োজনীয় প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা সমিতির সম্মানিত সকল সদস্যদের সর্বাধিক গুরুত্বপূর্ণ ও পবিত্র দায়িত্ব। বার্ষিক সদস্য সভা ও তৎপূর্বে সংশ্লিষ্ট এলাকা পরিচালক নির্বাচন সমিতির সুষ্ঠু পরিচালনায় সম্মানিত সদস্যদের নিজ নিজ অধিকার প্রয়োগ ও দায়িত্ব পালনের সুযোগ আনিয়া দেয়। এমতাবস্থায় অত্র পল্লী বিদ্যুৎ সমিতির সদস্যদের বার্ষিক সদস্য সভায় যোগদান করার জন্য সাদর আমন্ত্রণ জানানো যাইতেছে।

তারিখ ঃ ১৮/১০/২০২১ ইং

(মোঃ কামরুল ইসলাম)
সচিব
সমিতি বোর্ড
মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি